



জুলাই ২৩, ২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)
সকল প্রকল্প পরিচালক/বিভাগীয় প্রধান (উন্নয়ন)
সকল জোন এবং সার্ভিস সেন্টার প্রধান
সকল সাংগঠনিক অফিস প্রধান (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী।

অফিস প্রজ্ঞাপন নং : ৭৭-২০১৯

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রায়শই বিভিন্ন জোন/কর্পোরেট অফিসের উন্নয়ন কর্মকর্তাগণ তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে না জানিয়ে প্রধান কার্যালয়ে আসছেন এবং আসা-যাওয়ার খরচ বাবদ টিএ/ডিএ বিল দাখিল করছেন।

ইতোপূর্বে গত মে ১৩, ২০১৯ তারিখে অফিস প্রজ্ঞাপন নং : ৫১-২০১৯ এর মাধ্যমে বিভিন্ন জোন/কর্পোরেট অফিসের উন্নয়ন কর্মকর্তাগণকে তাদের ইনচার্জের কাছ থেকে এবং ইনচার্জগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া প্রধান কার্যালয়ে আসা থেকে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত প্রধান কার্যালয়ে আসা থেকে বিরত এবং টিএ/ডিএ বিল দাখিল করা থেকে বিরত থাকার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো। প্রধান কার্যালয়ে আসার পূর্বানুমোদন ব্যতীত এসংক্রান্ত কোন বিল দাখিল করলে অথবা প্রধান কার্যালয়ে উপস্থিত হয়ে সফর অনুমোদনের আবেদন দাখিল করলে তা বিবেচনা যোগ্য হবে না।

এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

নিজাম উদ্দিন আহমাদ
মুখ্য নির্বাহী কর্মকর্তা (চলতি দায়িত্ব)

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন